



**KIFF 26**

Kolkata International Film Festival  
(Accredited by FIAPF)  
8-15 January 2021

# ফেস্টিভ্যাল ডায়েরি

বর্ষ ২৬ | সংখ্যা ৯।। ১৬ জানুয়ারি ২০২১



## ভার্চুয়াল হলেও উৎসবের বর্নিল সমাপ্তি সন্ধ্যা

প্রায় অসাধ্য সাধন করল কলকাতা চলচ্চিত্র উৎসব। এই অতিমারির চোখ রাঙানিকে প্রায় অগ্রাহ্য করেই কলকাতা শহরের সিনেমাশ্রেণী মানুষেরা প্রমাণ করে দিল ‘আমরা মারি নিয়ে ঘর করি’ এখনও। মন্বন্তর-আমফান বা কোভিড আমাদের কেউই দাবায়ে রাখতে পারবে না। পারলও না। ৮ জানুয়ারি নবান্ন সভাঘরে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উদ্বোধনের ভাষণেই বলেছিলেন ‘কোভিড আতংক কমে আসছে। সব হলে দর্শক ঢোকার অনুমতি দিচ্ছি’ হলেও তাই। স্বাস্থ্যবিধি মেনে নন্দন চত্বর ছিল উৎসবের আনন্দে মুগ্ধ। সব প্রদর্শনীতেই দর্শক হয়তো অতীতের মতো উপচে পড়েনি। কিন্তু বার্লিন-কান-ভেনিস উৎসবের পুরস্কৃত ছবিগুলো প্রায় ‘হাউজফুল’ দর্শকই পেয়েছে। আর প্রবীন ফেদারিকো ফেলিনির ছবি শতবর্ষ পেরিয়েও আবেদনে যে কালহীন আবেদনে সমৃদ্ধ এবছরও আবারও প্রমাণিত হল। উৎসব পরিচালক রাজ চক্রবর্তীও উৎসবের এমন সাফল্যে অভিভূত। বললেন— ‘সবার আগে ধন্যবাদ জানাবো কলকাতার আগ্রহী দর্শকদের। তাঁদের উৎসাহে আমরা মুগ্ধ। স্বাস্থ্যবিধি মেনেও সবাই-ই সিনেমাকে আপন করে নিয়েছেন। ধন্যবাদ ও প্রশংসা প্রাপ্য উৎসবের পেছনে থাকা নীরব কর্মীদেরও।’ তাঁর আশা আগামী ২৭তম উৎসবেও এমন পরিবেশ অটুট থাকবে। আজ সন্ধ্যায় নামল আর্টদিনের চলচ্চিত্র উৎসবের যবনিকা। এই প্রথম আকাশ চাঁদোয়ার নিচে একতারা মধ্যে

হয়ে গেল উৎসবের সমাপ্তি ও পুরস্কার প্রদান অনুষ্ঠান। একমাত্র হরেকৃষ্ণ হালদারের অভিনব শ্রীখোলবাদন ছাড়া প্রায় বিনোদনহীন এই সন্ধ্যা কিন্তু উৎসাহ ও পুরস্কারের সমারোহে উজ্জ্বল। মধ্যে উপস্থিত ছিলেন উৎসবের চেয়ারম্যান রাজ চক্রবর্তী, অধিকর্তা মিত্র চ্যাটার্জী, চিত্রজগতের উজ্জ্বল নক্ষত্রের মধ্যে গৌতম ঘোষ, সৃজিত মুখোপাধ্যায়, হরনাথ চক্রবর্তী, অরিন্দম শীল, নুসরত জাহান, সুদেষ্ণা রায়, প্রিন্সিপ্যাল সেক্রেটারী শান্তনু বসু এবং পুর ও নগরোন্নয়ন মন্ত্রী জনাব ফিরহাদ হাকিম। মূল আকর্ষণ ছিল পুরস্কার ঘোষণা। যাঁরা পুরস্কার পেলেন তাঁদের ভার্চুয়াল উপস্থিতি অনুষ্ঠানটিকে আরও রঙিন করে তোলে। পুরস্কৃত প্রত্যেকেই নিজের নিজের অনুভূতি ভাগ করে নেন দর্শকের সঙ্গে। উচ্ছসিত দর্শক। উচ্ছসিত পরিচালক, আল্লাত প্রযোজক। বিশেষভাবে উল্লেখ করতে হয় আন্তর্জাতিক বিভাগে পুরস্কৃত সেরা ছবি ইরানের ‘বান্দার ব্যান্ড’-এর পরিচালক মানিজেহ হেকমত বললেন— তিনি কলকাতায় উপস্থিত না থাকতে পারলেও শিগগিরি একবার আসবেন। তৈরী হল বিনিসুতোর এক অদৃশ্য মেলবন্ধন। এখানেই সিনেমার সার্থকতা, চলচ্চিত্র উৎসবের সাফল্য। এই প্রসঙ্গে ফিরহাদ হাকিমের বক্তব্য আগামী ২৭তম চলচ্চিত্র উৎসব আমরা মাস্কহীন হয়ে আনন্দের সঙ্গে নভেম্বরে পালন করব এই আশা রাখি।

নির্মল ধর





## ২৬তম কলকাতা চলচ্চিত্র উৎসব পুরস্কার তালিকা

ইননোভেশন ইন মুভিং ইমেজেস

শ্রেষ্ঠ ছবি - বান্দার ব্যান্ড (ইরান), পরিচালক-মানিজেহ হেকমত  
শ্রেষ্ঠ পরিচালক - আতিকপাই সুইনুদুকভ (ছবি-সাম্বালা), কিরঘিজস্তান  
বিশেষ জুরি পুরস্কার - রাইড ফোল্ড (ইউক্রেন), পরিচালক - তারাস দ্রোগ

ইন্ডিয়ান ল্যাপসোয়েজেস

হীরালাল সেন স্মৃতি পুরস্কার

শ্রেষ্ঠ ছবি - ফল্‌স আই (মালায়ালাম), পরিচালক - রাখুল রিজি নায়ার  
শ্রেষ্ঠ পরিচালক - বিশ্বজিৎ বোরা (অসমিয়া ছবি-গড অন দ্য ব্যালকনি)

নেটপ্যাক

শ্রেষ্ঠ ছবি - নোনা জলের কাব্য (বাংলাদেশ)  
পরিচালক - রেজওয়ান শাহারিয়ার সুমিত

স্বল্প দৈর্ঘ্য ও তথ্যচিত্র

শ্রেষ্ঠ স্বল্প দৈর্ঘ্যের ছবি - ডাস্ক (ভারত)  
পরিচালক - উজ্জ্বল পাল

শ্রেষ্ঠ তথ্যচিত্র - হাইওয়েজ অফ লাইফ (ভারত)  
পরিচালক - অমর মাইবাম

